# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 19-04-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুর্শিদাবাদের পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন। এদিন, অশান্ত এলাকাগুলি পরিদর্শনের করে তিনি বলেন বিষয়টি নিয়ে উপযুক্ত জায়গায় রিপোর্ট জমা দেওয়া হবে।

২) জাতীয় মহিলা কমিশন এবং মানবাধিকার কমিশনের সদস্যরাও মুর্শিদাবাদের হিংসায় ক্ষতিগ্রস্তদের সঙ্গে সাক্ষাৎ করেছেন।

৩) সিপিআইএম-এর ব্রিগেড সমাবেশের প্রেক্ষিতে আগামীকাল যান চলাচল স্বাভাবিক রাখতে পুলিশ বেশকিছু পদক্ষেপ নিয়েছে।

৪) বঞ্চিত চাকরি প্রার্থীদের নবান্ন অভিযান আপাতত স্থগিত থাকছে।

৫) মাতৃভূমি লোকালের কয়েকটি কোচে পুরুষ যাত্রীরা যাতায়াতের সুযোগ পাবেন। এই মর্মে দ্রুত বিজ্ঞপ্তি জারি হবে বলে জানিয়েছে পূর্ব রেল।

৬) রেকর্ড সময়ে জিব্রাল্টার প্রণালী অতিক্রম করেছেন বাংলার সাঁতারু সায়নী দাস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল সি ভি আনন্দ বোস বলেছেন, মুর্শিদাবাদের পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক। সাধারণ মানুষের উপর যে হামলা হয়েছে তা বর্বরোচিত। রাজ্যপাল হিসাবে তিনি যথাযথ জায়গায় তাঁর রিপোর্ট জমা দেবেন। আজ মুর্শিদাবাদের হিংসাদীর্ণ বিভিন্ন এলাকা পরিদর্শন করে কলকাতা ফিরে যাবার আগে বহরমপুর কোর্ট স্টেশনে সাংবাদিকদের কাছে রাজ্যপাল একথা বলেন।

বাইট

এদিন রাজ্যপাল জাফরাবাদে হিংসার শিকার, নিহত বাবা ও ছেলে হরগোবিন্দ দাস এবং চন্দন দাসের বাড়িতে যান। তাঁর পা ধরে কান্নায় ভেঙে পড়েন নিহত বৃদ্ধের স্ত্রী। রাজ্যপালের কাছে সাহায্যের আর্তি জানান মৃতদের পরিবারের সদস্যরা। কেন্দ্রীয় বাহিনী চলে গেলে তাদের উপর আক্রমণের হুমকি দেওয়া হচ্ছে বলে স্থানীয় বাসিন্দারা রাজ্যপালের কাছে অভিযোগ জানান। রাজ্যপালের সঙ্গে উপস্থিত রাজভবনের কর্মীরা আক্রান্তদের সঙ্গে কথা বলে তাদের ফোন নম্বর সংগ্রহ করেন। তার কাছে গ্রামের বাসিন্দারা বিএসএফ-এর স্থায়ী ক্যাম্প তৈরির দাবি জানিয়েছেন।

এদিকে, বেতবোনা গ্রামের বাসিন্দারা রাজ্যপালের অপেক্ষায় থাকলেও পুলিশ সেখানে তাঁকে দাঁড়াতে দেয়নি বলে অভিযোগ। প্রতিবাদে স্থানীয়রা বিক্ষোভ দেখালে রাজ্যপাল কনভয় ঘুরিয়ে সেখানে ফিরে আসেন। আক্রান্তদের সঙ্গে কথা বলে তাদের সবরকম সাহায্যের আশ্বাস দেন রাজ্যপাল।

অন্যদিকে, জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন বিজয়া কিশোর রাহাতকারের নেতৃত্বে ৫ সদস্যের প্রতিনিধি দল আজ সকালে সামশেরগঞ্জের রতনপুর এবং পরে বেতবোনা গ্রামে যায়। সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনী। ক্ষতিগ্রস্ত বাড়ি ঘর ঘুরে দেখেন তারা। গ্রামের মহিলা সহ অন্যান্যরা কমিশনের সদস্যদের দেখেই কান্নায় ভেঙে পড়েন। স্থানীয়ভাবে কেন্দ্রীয় বাহিনীর স্থায়ী ক্যাম্প নির্মাণের অনুরোধ জানান তাঁরা।

দলের সঙ্গে থাকা বিজেপি বিধায়ক শ্রীরুপা মিত্র চৌধুরী বলেন, বিএসএফ-এর স্থায়ী ক্যাম্প করার ব্যাপারে স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে বিস্তারিত রিপোর্ট দেওয়া হবে।

বাইট

জাফরাবাদে নিহত বাবা ও ছেলের বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের সঙ্গেও কথা বলেন জাতীয় মহিলা কমিশনের সদস্যরা।

জাতীয় মানবাধিকার কমিশনের সদস্যরাও আজ মুর্শিদাবাদে হিংসা কবলিত এলাকা ঘুরে দেখছেন। এর আগে মালদাতেও তারা পারলালপুর হাইস্কুলে মুর্শিদাবাদ থেকে আশ্রয় নেওয়া ঘরছাড়াদের সঙ্গে কথা বলেন। পরে কমিশনের সদস্য বিজয়া ভারতী সাংবাদিকদের বলেন, এই ঘটনায় মানবাধিকার লঙ্ঘন হয়েছে।

পারলাল পুর হাইস্কুলে শরণার্থী শিবিরে আক্রান্তদের সঙ্গে দেখা করতে যান বিজেপি নেত্রী তথা আইনজীবী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল। আক্রান্তদের প্রত্যেকের সঙ্গে তিনি কথা বলেন। তাদের অভিযোগ গুলিও নথিভুক্ত করেন তিনি।

সরাসরি চলে যাচ্ছি আমাদের জেলা সংবাদদাতা মামুন ফারুখের কাছে।

মামুন রাজ্যপাল এবং দুই কমিশনের সফর সম্পর্কে আমাদের জানান –

(ভয়েসকাস্ট – মামুন)

oooooooooooooooooo

মুর্শিদাবাদে অশান্তি ও হিন্দুদের উপর অত্যাচারের জন্য রাজ্য সরকারকে দায়ী করে বিজেপি আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে বিক্ষোভ দেখাচ্ছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে আজ কলকাতার নেতাজী ভবন থেকে ভবানীপুর পর্যন্ত মিছিল যায়। মিছিলে অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, দিলীপ ঘোষ, তাপস রায়, যুব মোর্চার নেতা ইন্দ্রনীল খাঁ প্রমুখ। সরকার ও প্রশাসনের প্রচ্ছন্ন

সহযোগিতায় মৌলবাদীরা, ওয়াকফ আইনের বিরোধিতার অজুহাতে হিন্দুদের নির্মূল করতে উদ্যত হয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

বাইট

মুর্শিদাবাদের সীমান্তবর্তী গ্রামগুলিতে গ্রামরক্ষী কমিটি গড়ে তোলারও দাবি জানানো হয়েছে। আক্রান্তদের আর্থিকভাবে সাহায্য করারও আর্জি জানিয়েছেন বিরোধী দলনেতা।

দক্ষিণ ২৪ পরগণার পৈলানে বিজেপি নেতা সজল ঘোষের নেতৃত্বে মিছিল হয়। দমদমে মিছিলে নেতৃত্ব দেন বিজেপি নেত্রী লকেট চ্যাটার্জী।

দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে বিজেপির প্রতিবাদ মিছিল কে কেন্দ্র করে আজ ধুন্ধুমার বাধে। বিজেপি কর্মীরা এসডিও অফিসের সামনে গিয়ে ব্যারিকেড ভাঙার চেষ্টা করলে পুলিশের সঙ্গে তাদের ধ্বস্তাধ্বস্তি শুরু হয়। পুলিশের বিরুদ্ধে লাঠিচার্জের অভিযোগ উঠে। কয়েকজন বিজেপি কর্মী আহত হয়েছেন বলে খবর।

কেন্দ্রীয় মন্ত্রী তথা বালুরঘাটের সাংসদ সুকান্ত মজুমদার বলেন বিজেপির শান্তিপূর্ণ কর্মসূচিতে পুলিশ যে ভাবে লাঠি চালিয়েছে তা চূড়ান্ত অরাজকতার লক্ষণ। বিষয়টি নিয়ে তাঁরা আদালতের দ্বারস্থ হবেন বলে সুকান্তবাবু জানিয়েছেন।

ওয়াকফ বিলের বিরোধিতার নাম করে মুর্শিদাবাদে যা হয়েছে তা রাজ্য সরকারের মদতে ও উস্কানিতে ঘটেছে বলে ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিজেপি সাংসদ বিপ্লব দেব অভিযোগ করেছেন। উত্তর চব্বিশ পরগনার বারাসাতে আজ সংবিধান প্রণেতা ডক্টর বি আর আম্বেদকরের জীবনীর উপর এক আলোচনাসভায় অংশ নিয়ে বিপ্লব দেব সাংবাদিকদের বলেন, কোনো বিল নিয়ে রাজনৈতিক তর্ক বিতর্ক হতে পারে, কিন্তু

বিরোধিতার নামে বাড়ি ঘর জ্বালিয়ে দেওয়া, হিন্দুদের উপর অত্যাচার করা, সরকারি সম্পত্তি লুটপাট করা কোনোমতেই কাম্য নয়।

বিশ্ব হিন্দু পরিষদও আজ রাজ্যের বিভিন্ন স্থানে বিক্ষোভ সমাবেশ করে।

মুর্শিদাবাদের সামশেরগঞ্জে হিংসার তদন্ত করে যথাযথ শাস্তির দাবি জানিয়েছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী। আজ এক সাংবাদিক বৈঠকে তিনি ঘরছাড়াদের দ্রুত বাড়িতে ফিরিয়ে নিয়ে যাবার জন্য প্রশাসনের কাছে আবেদন জানান।

oooooooooooooooooooooo

কলকাতার ব্রিগেড ময়দানে আগামীকাল সিপিআইএমের বিভিন্ন গণসংগঠনের ডাকা সমাবেশের প্রেক্ষিতে শহরের যান চলাচল স্বাভাবিক রাখতে পুলিশ বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। এজন্য শহরের গুরুত্বপূর্ণ ২৪টি জায়গা বেছে নেওয়া হয়েছে। এর মধ্যে ১৩ টি জায়গায় ট্রাফিক গার্ডের একজন অতিরিক্ত অ্যাসিস্ট্যান্ট কমিশনারের নেতৃত্বে বাহিনী থাকবে। ময়দান এলাকায় গাড়ি পার্কিং ছাড়াও এজেসি বসু রোড ও মেয়ো রোডের মতো কিছু রাস্তায় গাড়ি রাখার ব্যবস্থা করা হয়েছে। হাওড়া, শিয়ালদা স্টেশন, ভিক্টোরিয়া হাউস, এক্সাইড মোড়ের মত আটটি জায়গায় জমায়েতের পরে কর্মী, সমর্থকরা মিছিল করে ব্রিগেডে আসবেন। এই জন্য বেশ কিছু রাস্তায় যানজটের সম্ভাবনা রয়েছে।

উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন নীতির প্রতিবাদে এবং রাজ্য সরকারের বিরুদ্ধে অপশাসন ও দুর্নীতির অভিযোগ তুলে এই সমাবেশের ডাক দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

আকাশবাণী কলকাতার FM হেডলাইন, আবার শুরু হতে চলেছে। নিয়মিত সংবাদ বুলেটিনের পাশাপাশি আগামীকাল, থেকে চালু হবে ঘণ্টায় ঘণ্টায় এই হেডলাইন। শোনা

যাবে সকাল ৭ টা থেকে রাত ৯ টা পর্যন্ত আকাশবাণী কলকাতার FM রেইনবো প্রচার তরঙ্গে।

ooooooooooooooooooooo

বঞ্চিত চাকরি প্রার্থীদের নবান্ন অভিযান আপাতত স্থগিত থাকছে। বঞ্চিত চাকরি প্রার্থী, চাকরিজীবী ও চাকরি হারা ঐক্যমঞ্চ আগামী সোমবার এই কর্মসূচীর ডাক দিয়েছিল। ঐক্যমঞ্চ সূত্রের খবর গতকাল পুলিশের শীর্ষ কর্তাদের সঙ্গে তাদের বৈঠক হয়। ঐক্যমঞ্চের দাবি-দাওয়াগুলি সরকারকে জানানোর আশ্বাস দিয়েছে তারা। শীঘ্রই তাদের সঙ্গে মুখ্যমন্ত্রীর সাক্ষাতের ব্যবস্থা করা হবে বলে সংগঠনের পক্ষ থেকে আশা প্রকাশ করা হয়েছে। এরপরই হাওড়া ও কলকাতা পুলিশ কমিশনারকে চিঠি দিয়ে এই কর্মসূচী স্থগিত রাখার কথা জানানো হয়।

উল্লেখ্য, আগামী সোমবার মুখ্যমন্ত্রী পশ্চিম মেদিনীপুরের শালবনি যাচ্ছেন। সেখানে একাধিক কর্মসূচী রয়েছে তাঁর।

এদিকে, পার্শ্বশিক্ষক ঐক্যমঞ্চ বেতনক্রমে বঞ্চনার দাবি তুলে স্কুল বয়কটের ডাক দিয়েছে। সংগঠনের যুগ্ম আহ্বায়ক ভগীরথ ঘোষ জানিয়েছেন আগামী ২১ থেকে ২৫-শে এপ্রিল পর্যন্ত তারা এই কর্মসূচী পালন করবে।

ooooooooooooooooooo

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনের আগে ভোটার তালিকায় বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচির অগ্রগতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল আজ সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে বৈঠকে বসেন। অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী, জেলা নির্বাচনী আধিকারিক এস অরুণ প্রসাদ সহ অন্য আধিকারিকরা সেখানে উপস্থিত ছিলেন।

এরপর মুখ্য নির্বাচন আধিকারিক কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের হাটগাছা ও নোয়াপাড়া প্রাথমিক বিদ্যালয়ে বুথ লেভেল আধিকারিক-বিএলওদের কাজ খতিয়ে দেখেন।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন শীঘ্রই মাতৃভূমি লোকালের কয়েকটি কোচে পুরুষ যাত্রীদের যাতায়াতের সুযোগ দেবে। এবিষয়ে দ্রুত বিজ্ঞপ্তি জারি হবে বলে শিয়ালদা ডিভিশন সূত্রের খবর।

উল্লেখ্য, ১২ কোচের ইএমইউ লোকালে মহিলা কোচের সংখ্যা দুই থেকে বাড়িয়ে ৩-টি করায় এই ডিভিশনে বিভিন্ন সেকশনে যাত্রী বিক্ষোভ ও রেল অবরোধের মতো ঘটনা ঘটে।

০০০০০০০০০০০০০০০

নিম্নচাপ অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের কারণে দক্ষিণবঙ্গের সবকটি জেলাতেই ঝোড়ো হাওয়া সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে হিমালয় সন্নিহিত জেলাগুলিতেও।

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস। যা স্বাভাবিকের চেয়ে প্রায় ১ ডিগ্রী কম। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ দশমিক ২ ডিগ্রী কম।

০০০০০০০০০০০০০০

রেকর্ড সময়ে জিব্রাল্টার প্রণালী অতিক্রম করলেন বাংলার সাঁতারু সায়নী দাস। স্পেনের তারিফা থেকে মরক্কোর টাঙ্গার মেইড পর্যন্ত প্রায় ১৫ কিলোমিটার দূরত্ব তিনি অতিক্রম করেন তিন ঘন্টা ৫১ মিনিটে। এতদিন এই রেকর্ড ছিল জার্মানির সাতারি কনরাড পল হারবার্টের । এই নিয়ে ষষ্ঠ প্রণালী অতিক্রম করলেন সায়নী।